DCI

DIGITAL CIVIC INITIATIVE

গঠনতন্ত্র

Constitution of Digital Civic Initiative

স্বাধীন • অরাজনৈতিক • অলাভজনক • গবেষণাভিত্তিক নাগরিক উদ্যোগ

প্রস্তাবনা

গণতন্ত্র কেবল রাষ্ট্র পরিচালনার পদ্ধতি নয়; এটি নাগরিকের চিন্তা, মতপ্রকাশ, অংশগ্রহণ, জবাবদিহি ও সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণের চলমান প্রক্রিয়া।

বিশ্ববিদ্যালয় মুক্তচিন্তা, গবেষণা, বিতর্ক ও নেতৃত্ব বিকাশের গুরুত্বপূর্ণ ক্ষেত্র।এই প্রেক্ষাপটে রাজশাহী বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে প্রতিষ্ঠিত হচ্ছে Digital Civic Initiative (DCI) একটি স্বাধীন, অরাজনৈতিক, অলাভজনক ও গবেষণাভিত্তিক নাগরিক উদ্যোগ।

এর লক্ষ্য তরুণদের মধ্যে Civic Engagement, Democratic Participation, Digital Citizenship ও Public Policy বিষয়ে সচেতনতা ও বাস্তব দক্ষতা তৈরি করা।

Civic Engagement	Democratic Participation	Digital Citizenship	Public Policy

অনুচ্ছেদ ১ সংগঠনের পরিচিতি

নাম	Digital Civic Initiative (DCI)
প্রকৃতি	স্বাধীন, অরাজনৈতিক, অলাভজনক, শিক্ষামূলক ও গবেষণাভিত্তিক নাগরিক প্ল্যাটফর্ম
কার্যপরিধি	রাজশাহী বিশ্ববিদ্যালয়, পার্শ্ববর্তী শিক্ষার্থী ও বৃহত্তর নাগরিক সমাজ
প্রধান কার্যালয়	TSCC, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী, বাংলাদেশ
সম্প্রসারণ	নির্বাহী কমিটির সিদ্ধান্তে অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান ও অঞ্চলে
লোগো ও প্রতীক	নির্বাহী পরিচালক কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত

অনুচ্ছেদ ২ লক্ষ্য ও উদ্দেশ্য

নাগরিক সম্পৃক্ততা	নাগরিক দায়িত্ব, অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতনতা; স্থানীয় ও জাতীয় সমস্যা সমাধানে তরুণদের সম্পৃক্ত করা
গণতান্ত্রিক অংশগ্রহণ	গণতন্ত্র, সুশাসন, আইনের শাসন, মানবাধিকার ও জবাবদিহি বিষয়ে জ্ঞান; সহনশীলতা ও বহুমতের সংস্কৃতি
গবেষণা ও নীতি বিশ্লেষণ	Policy Brief, Research Paper ও Report প্রণয়ন; প্রমাণভিত্তিক নীতিগত আলোচনা
ডিজিটাল নাগরিকত্ব	ডিজিটাল অধিকার, সাইবার নিরাপত্তা; অপতথ্য ও গুজব প্রতিরোধ
নেতৃত্ব ও সক্ষমতা	Model Parliament, Youth Dialogue, Debate, Policy Simulation; জাতীয় ও আন্তর্জাতিক নাগরিক উদ্যোগের সঙ্গে সংযোগ

অনুচ্ছেদ ৩ মূলনীতি

1. গণতান্ত্রিক মূল্যবোধ ও অংশগ্রহণ
2. রাজনৈতিক নিরপেক্ষতা ও সাংগঠনিক স্বাধীনতা
3. গবেষণা ও তথ্যের বস্তুনিষ্ঠতা
4. মতপ্রকাশের স্বাধীনতা ও বহুমতের প্রতি শ্রদ্ধা
5. অন্তর্ভুক্তি, সমতা ও বৈষম্যবিরোধিতা
6. স্বচ্ছতা ও জবাবদিহি
7. মানবাধিকার ও আইনের শাসনের প্রতি শ্রদ্ধা
8. দায়িত্বশীল ডিজিটাল নাগরিকত্ব
9. শান্তিপূর্ণ ও অহিংস নাগরিক সম্পৃক্ততা
10. একাডেমিক স্বাধীনতা ও জ্ঞানচর্চা

অনুচ্ছেদ ৪ সাংগঠনিক কাঠামো

Chief Research Fellow	সর্বোচ্চ একাডেমিক, গবেষণা ও নীতিগত তত্ত্বাবধায়ক
Executive Director	প্রধান নির্বাহী ও প্রশাসনিক প্রধান
Executive Committee	কার্যক্রম পরিচালনার নির্বাহী কমিটি
General Members	সংগঠনের সাধারণ সদস্যবৃন্দ
Teams	Research, Project ও Program Teams
Advisory Panel	প্রয়োজনে Advisory Panel ও বিশেষায়িত কমিটি

অনুচ্ছেদ ৫–৬ শীর্ষ নেতৃত্ব

Chief Research Fellow	বিশ্ববিদ্যালয় শিক্ষক, অধ্যাপক বা অভিজ্ঞ গবেষক।গবেষণার মান ও একাডেমিক গ্রহণযোগ্যতা তত্ত্বাবধান; গবেষণা পদ্ধতি ও প্রকাশনায় পরামর্শ; Research Advisory Panel গঠন বা সুপারিশ।দৈনন্দিন প্রশাসন তাঁর এখতিয়ারের বাইরে; নিয়োগ ও মেয়াদ পারস্পরিক সম্মতিতে নির্ধারিত।
Executive Director	বার্ষিক ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা; Executive Committee গঠন ও পুনর্গঠন; দায়িত্ব বণ্টন; অংশীজনদের সঙ্গে যোগাযোগ; আর্থিক ও প্রশাসনিক তদারকি; নিয়োগ, দায়িত্ব পরিবর্তন ও পদ বাতিলের সিদ্ধান্ত; Chief Research Fellow-এর একাডেমিক দিকনির্দেশনা অনুসরণ।

অনুচ্ছেদ ৭-৮ নির্বাহী কমিটি ও পরামর্শক প্যানেল

গঠন	সদস্য সংখ্যা ও পদবিন্যাস নির্ধারণ করবেন Executive Director; সভায় তিনিই সভাপতিত্ব করবেন
প্রস্তাবিত পদ	Deputy Executive Director; Director of Research, Programs, Civic Engagement, Communications, Digital Affairs, Administration, Finance, Membership and Outreach; Coordinator ও Executive Member। সব পদ বাধ্যতামূলক নয়
জবাবদিহি	সদস্যরা Executive Director-এর কাছে জবাবদিহি করবেন; বিশেষ প্রকল্পে Project Committee গঠন করা যাবে
Advisory Panel	শিক্ষক, গবেষক, উন্নয়নকর্মী ও নীতিবিশেষজ্ঞদের পরামর্শদাতা প্যানেল; নির্বাহী সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নেই

অনুচ্ছেদ ৯-১১ সদস্যপদ

যোগ্যতা	প্রাথমিকভাবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের যেকোনো বিভাগের শিক্ষার্থী, গবেষক ও আগ্রহী ব্যক্তি; সদস্যপদ সম্পূর্ণ স্বেচ্ছামূলক। তবে বিশ্ববিদ্যালয় পর্যায়ের আগ্রহী শিক্ষার্থীরা সুযোগ পাবেন।
ধরন	General, Executive, Research, Volunteer ও Honorary Member
অধিকার	কার্যক্রমে অংশগ্রহণ, মতামত ও প্রস্তাব উত্থাপন; প্রকল্প ও নেতৃত্বের সুযোগ
দায়িত্ব	গঠনতন্ত্র ও আচরণবিধি মান্য করা; সংগঠনের সুনাম, স্বাধীনতা ও নিরপেক্ষতা রক্ষা
স্থগিত / বাতিল	গঠনতন্ত্র লঙ্ঘন, আর্থিক অনিয়ম, বৈষম্য বা হয়রানি, শৃঙ্খলা ভঙ্গ; আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে সিদ্ধান্ত নেবেন Executive Director

অনুচ্ছেদ ১২-১৩ কার্যক্রম ও প্রকাশনা

Civic Engagement	নাগরিক সংলাপ, Community Engagement, সচেতনতা ক্যাম্পেইন, অধিকারবিষয়ক কর্মশালা
Democratic Participation	Democracy Dialogue, Youth ও Model Parliament, Policy Simulation, Debate ও Roundtable
Research & Policy	গবেষণা প্রতিবেদন, Policy Brief, গবেষণা সম্মেলন ও সেমিনার
Digital Citizenship	Digital ও Media Literacy, Digital Rights, Misinformation প্রতিরোধ
Leadership	Leadership ও Public Speaking Training, Fellowship, Internship ও Mentorship
প্রকাশনা	Newsletter, Magazine, Digital Content; ব্যক্তিগত মতকে সাংগঠনিক অবস্থান বলা যাবে না

অনুচ্ছেদ ১৪-১৫ আর্থিক ব্যবস্থাপনা

অর্থের উৎস	সদস্য ও ব্যক্তি-প্রতিষ্ঠানের অনুদান, গবেষণা ও প্রকল্পভিত্তিক অনুদান, দেশি-বিদেশি উন্নয়ন সহযোগীর বৈধ সহযোগিতা, কর্মশালা ও প্রশিক্ষণ থেকে প্রাপ্ত অর্থ
মুনাফা নিষিদ্ধ	কোনো অর্থ ব্যক্তিগত মুনাফা বা সদস্যদের মধ্যে বণ্টন করা যাবে না
ব্যাংক হিসাব	Executive Director-এর তত্ত্বাবধানে; তাঁর ও মনোনীত ব্যক্তির স্বাক্ষর কার্যকর
হিসাব ও প্রতিবেদন	সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ; অর্থবছর শেষে আর্থিক প্রতিবেদন
নিরীক্ষা	প্রয়োজনে অভ্যন্তরীণ বা বহিরাগত নিরীক্ষা; প্রকল্পে অর্থদাতার শর্ত অনুসরণ

অনুচ্ছেদ ১৬-২০ সভা, নিরপেক্ষতা ও জবাবদিহি

সভা	প্রতি তিন মাসে অন্তত একটি নির্বাহী সভা; কার্যবিবরণী সংরক্ষণ
সিদ্ধান্ত	দৈনন্দিন সিদ্ধান্ত Executive Director-এর; একাডেমিক বিষয়ে Chief Research Fellow-এর পরামর্শ অনুসরণ
নিরপেক্ষতা	কোনো দলের অঙ্গসংগঠন নয়; দলীয় প্রচারণা নয়; সংগঠনের নামে ব্যক্তিগত রাজনৈতিক প্রচারণা নিষিদ্ধ
নৈতিকতা	বৈষম্যহীনতা, গবেষণা নৈতিকতা, হয়রানি ও সহিংসতার বিরুদ্ধে শূন্য সহনশীলতা
জবাবদিহি	প্রকল্প প্রতিবেদন এবং আর্থিক ও প্রশাসনিক নথি সংরক্ষণ

অনুচ্ছেদ ২১-২৫ সংশোধন, বিলুপ্তি ও কার্যকারিতা

সংশোধন	Executive Director বা Chief Research Fellow প্রস্তাব করবেন; মূল লক্ষ্য ও মূলনীতি বদলে বিশেষ অনুমোদন প্রয়োজন
ব্যাখ্যা	একাডেমিক বিষয়ে Chief Research Fellow, প্রশাসনিক বিষয়ে Executive Director
বিলুপ্তি	উভয়ের যৌথ সম্মতিতে; অবশিষ্ট সম্পদ সমজাতীয় অলাভজনক প্রতিষ্ঠানে হস্তান্তর
আইন ও কার্যকারিতা	প্রচলিত আইন ও বিশ্ববিদ্যালয়ের বিধি অনুসরণ; অনুমোদনের তারিখ থেকে কার্যকর